

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd


বিষয়	:	সোনাহাট ব্রীজের উপর দিয়ে ভারী যানবাহন চলাচল নিষিদ্ধ সংক্রান্ত সভার কার্যবিবরণী।
সভাপতি	:	মোঃ গোলাম ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়	:	২৩ অক্টোবর ২০২৩ সময়: বিকেল ৪.০০ ঘটিকা।
সভার স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় উপস্থিত সভাপতি, কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এ্যাসোসিয়েশন, সোনাহাট স্থলবন্দর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান সোনাহাট ব্রীজের উপর দিয়ে ভারী যানবাহন চলাচলের কারণে ব্রীজটি হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। যে কোন সময় যানবাহন চলাচল বন্ধ হয়ে যেতে পারে। তিনি সভায় আরো জানান ব্রীজের পূর্ব পাড়ে নাগেশ্বরী উপজেলার কচাকাটা ইউনিয়ন ও ভূরুঙ্গামারী উপজেলার ৩টি ইউনিয়নে প্রায় লক্ষাধিক মানুষের বসবাস। ব্রীজটি বন্ধ হয়ে গেলে বর্ণিত ইউনিয়নে বসবাসরত মানুষের আর্থসামাজিক উন্নয়ন ব্যহত হয়ে পড়বে। তাছাড়া সরকারের বিপুল অংকের রাজস্ব ক্ষতি হবে। কাজেই ব্রীজের উপর দিয়ে ভারী যানবাহন চলাচল বন্ধ হওয়া প্রয়োজন। সাধারণ সম্পাদক, আমদানী ও রপ্তানী কারক সমিতি, সোনাহাট স্থলবন্দর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় বলেন ব্রীজের উপর দিয়ে ১০/১২ চাকার যানবাহন পারাপারের ফলে ব্রীজটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। ৬ চাকার বেশির যানবাহন পারাপার বন্ধের জন্য অনুরোধ জানান। সভাপতি/সম্পাদক, ট্রাক শ্রমিক ইউনিয়ন, সোনাহাট স্থলবন্দর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় সোনাহাট ব্রীজটি জনস্বার্থে সার্বক্ষণিক চালুর রাখার জন্য ৬ চাকার উপরের যানবাহনগুলো পারাপার বন্ধের দাবী জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সাইন বোর্ড টাঙ্গানো।	ব্রীজের পূর্ব-পশ্চিম পাড়ে ৬ চাকার অধিক কোন যানবাহন যাতে পারাপার হতে না পারে এতদার্থে দুটি সাইন বোর্ড টাঙ্গানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।
২.	ব্রীজের পুরাতন/ অকেজো/ মরিচাধরা/ব্যবহার অনুপযোগী স্প্যানগুলো অপসারণ পূর্বক নতুন স্প্যান সংযোজন।	সোনাহাট ব্রীজটি সার্বক্ষণিক চালু রাখার স্বার্থে পুরাতন/অকেজো/মরিচাধরা/ব্যবহার অনুপযোগী স্প্যানগুলো অপসারণ পূর্বক আগামী ১৫ দিনের মধ্যে প্রতিস্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।
৩.	৬ চাকার অধিক কোন যানবাহন ব্রীজ পারাপার হতে পারবে না।	৬ চাকার অধিক কোন যানবাহন ব্রীজ পারাপার হতে পারবে না।	কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এ্যাসোসিয়েশন/আমদানী ও রপ্তানী কারক সমিতি/ট্রাক শ্রমিক ইউনিয়ন, সোনাহাট স্থলবন্দর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪.	ব্রীজের উভয় পাড়ে আইন-শৃঙ্খলা সমন্বিত রাখা।	ব্রীজের উভয় পাড়ের আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে হবে।	সহকারি কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ও অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-১০৯৩

তারিখঃ ০৭ কার্তিক ১৪৩০
২৩ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৫। সহকারি কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৬। অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৭। চেয়ারম্যান, পাইকেরছড়া/বঙ্গসোনাহাট, ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৮। সভাপতি/সম্পাদক
- ৯। অফিস কপি।

ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।